

শাবি শিবির সভাপতি সেক্রেটারিসহ ৩শ' জনের বিরুদ্ধে মামলা

■ শিলেট ব্যারো/শাবি প্রতিনিধি

শাহজাদান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ডাঙরের ঘটনায় বিশ্ববিদ্যালয় শিবিরের সভাপতি-সেক্রেটারিসহ তিনশ' জনের বিরুদ্ধে দুটি মামলা হয়েছে। রোববার হামলাকান্দে বিভিন্ন ভবন ও গাড়ি ভাঙুরের অভিযোগে বিশ্ববিদ্যালয় প্রশাসন বাদী হয়ে একটি এবং পুলিশ বাদী হয়ে অন্য মামলাটি করে। পুলিশ অভিযান চালিয়ে ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে ১১ জনকে গ্রেফতার করেছে। এদিকে শিবিরের নারকীয় ডাঙবে জড়িত দোষীদের সর্বোচ্চ শাস্তির দাবিতে গতকাল সোমবার ক্যাম্পাসে প্রতিবাদ র্যালি করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

জালালাবাদ থানার ওসি (তদন্ত)

মুনিরুল ইসলাম জানান, শাবির বিভিন্ন ভবন ও বাস-কার ভাঙুরের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের রেকর্ডার মো. ইশতাকুল হোসেন বাদী হয়ে শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হোসাইন আহমদ ও সেক্রেটারি এহসানুল করিমের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ১০০-১৫০ জনকে অভিযুক্ত করে মামলা করেছেন। অন্যদিকে জালালাবাদ থানার এসআই আব্দুল কালাম বাদী হয়ে শিবিরের ৬৫ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ৭০-৮০ জনকে আসামি করে অন্য মামলাটি করেন। হামলা-ভাঙুরের ঘটনায় ইতিমধ্যে ১১ জনকে গ্রেফতার করা হয়েছে বলে জানান তিনি।

গত রোববার বিকেলে ক্যাম্পাসে ছাত্রদীপ তাদের দুই

কমীকে ধাওয়া ও একটি মোটরসাইকেল পুড়িয়ে দেওয়ার পর শিবির বিশ্ববিদ্যালয়ে হামলা চালিয়ে ব্যাপক ভাঙুর চালান। তাদের হামলায় দুটি প্রশাসনিক ভবন (ডিসি-রেজিষ্টার ভবন ও প্রক্টর অফিস) এবং চারটি শিক্ষা ভবন ক্ষতিগ্রস্ত হয়। এ ছাড়া শিবির ক্যান্টিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের পরিবহনে ভাঙুর করা বিজারটসির বাসসহ ১৫টি গাড়ি ভাঙুর করে। ঘটনার সময় ছাত্রদীপ ও শিবিরের ধাওয়া-পাল্টা ধাওয়ায় এক পুলিশসহ অন্তত ১০ জন আহত হয়। ঘটনার পর ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

এদিকে গতকাল দুপুর সাড়ে ১২টার দিকে শাবি শিক্ষক সমিতির উদ্যোগে নাইটেরি ভবনের সামনে থেকে ক্যাম্পাসে বিশাল প্রতিবাদ র্যালি বের করা হয়। বিশ্ববিদ্যালয়ে শিবিরের

ন্যস্তারজনক হামলা-ভাঙুরের প্রতিবাদে শিক্ষকরা কালোবাজ ধারণ করে র্যালিটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। পরে সমাবেশে হামলা-ভাঙুরের সঙ্গে জড়িতদের গ্রেফতারের পাশাপাশি তাদের বিরুদ্ধে কঠোর প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়ে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের ২৩ বছরের ইতিহাসে রাজাকার নিগ্রামী-কাদের যোদ্ধার উত্তরসূরি শিবির ক্যাম্পাসে নজিরবিহীন ঘটনা ঘটিয়েছে। সমাবেশে বক্তৃতা করেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মো. ইউনুস, সাধারণ সম্পাদক ফারুক উদ্দিন প্রমুখ।

